

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

website : www.bangladeshbank.org.bd

এফ.ই. সার্কুলার নং-০৯

তারিখ : ৩০ জুলাই, ২০০৯।

বৈদেশিক মুদ্রা লেনদেনের সকল অনুমোদিত ডিলার
এবং লাইসেন্সধারী সকল মানিচেঞ্জার।

প্রিয় মহোদয়,

**গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজ্যাকশন্স, ১৯৯৬ এর ১ম খন্ডের পরবর্তী সংস্করণ
গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজ্যাকশন্স, ২০০৯ এর ১ম খন্ড ইস্যু ও সরবরাহ প্রসঙ্গে।**

বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইন, ১৯৪৭ (Act No. VII of 1947) এর ২০(৩) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ ব্যাংক সময়ে সময়ে বৈদেশিক মুদ্রায় লেনদেন কার্যক্রমের প্রাধিকার প্রাপ্ত অনুমোদিত ডিলার ও লাইসেন্সধারী মানিচেঞ্জারদের পালনীয় বিধি ব্যবস্থাদি ও নির্দেশনা সম্বলিত এফ.ই. সার্কুলার এবং সার্কুলার লেটার জারী করে থাকে। এ ক্ষমতাবলে ৩১ মে, ২০০৯ তারিখ পর্যন্ত জারীকৃত এফ.ই. সার্কুলার ও সার্কুলার লেটারগুলোর বিষয়বস্তু সম্বলিত ইংরেজী ভাষায় প্রণীত সংকলন **গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজ্যাকশন্স, ২০০৯ এর ১ম খন্ড** (১৯৯৬ এর পরবর্তী সংস্করণ) সংশ্লিষ্ট সকলের অনুসরণের জন্য ইস্যু করা হলো। এ সংকলনটির নির্দেশনাবলী ৩১ মে, ২০০৯ পর্যন্ত জারীকৃত এফ.ই. সার্কুলার ও সার্কুলার লেটারগুলোর সংক্ষেপিত ভাষ্য হিসেবেও ইস্যুকৃত মর্মে বিবেচিত হবে। গাইডলাইন্স এর মুদ্রিত কপি বাংলাদেশ ব্যাংকের প্রধান কার্যালয়ের বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ হতে লিখিত আবেদনক্রমে সংগ্রহ করা যাবে। বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট (www.bangladeshbank.org.bd) হতেও এর ভাষ্য ডাউনলোড করা যাবে।

০২। **গাইডলাইন্স এর ২য় খন্ডের** মুদ্রণ এখনো প্রক্রিয়াধীন থাকায় ১ম খন্ডের গ্রহীতাদেরকে তা পরবর্তীতে বিনামূল্যে সরবরাহ করা হবে এবং ২য় খন্ড প্রকাশিত না হওয়া পর্যন্ত গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজ্যাকশন্স, ১৯৯৬ এর ২য় খন্ড ও ৩১ ডিসেম্বর, ১৯৯৬ তারিখের পরবর্তীতে ইস্যুকৃত এফ.ই. সার্কুলারগুলোয় জ্ঞাপিত ফরমে রিটার্ন দাখিল অব্যাহত রাখতে হবে।

০৩। **গাইডলাইন্স** এর মূল্য ৫০০ (পাঁচশত) টাকা ধার্য করা হয়েছে। যাচিত সংখ্যক সেটের মূল্য বাবদ বাংলাদেশ ব্যাংকের অনুকূলে প্রয়োজনীয় অংকের একাউন্ট পেয়ী চেকসহ অনুমোদিত ডিলারগণ আবেদনপত্র দাখিল করবেন (গ্রাহকের ব্যবহারের জন্য প্রযোজ্য ক্ষেত্রে গ্রাহকের অনুরোধপত্রসহ)। স্বল্প সংখ্যক সেটের জন্য আবেদনপত্রের ক্ষেত্রে ডেলিভারী গ্রহণকালে নগদেও মূল্য পরিশোধ করা যাবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্ত স্বীকার করবেন এবং সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(খন্দকার আবদুস সেলিম)
উপ-মহাব্যবস্থাপক
ফোন : ৭১২০৩৭৫।